

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

রেডিও ইলেকট্রনিক্স টেকনিশিয়ান
পদের সাক্ষাৎকার

নং- ৮০.১০৬.০১১.০২.০০.০০৯.২০১১(অংশ-১)-১৫৮

তারিখ : ২৭ নভেম্বর ২০১৮

বিষয় : নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন মেরিন একাডেমি, চট্টগ্রাম এর “রেডিও ইলেকট্রনিক্স টেকনিশিয়ান” ২য় শ্রেণি [১০ম গ্রেড] পদে সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদের সাক্ষাৎকার অনুষ্ঠান।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নৌ পরিবহন মন্ত্রণালয়ের অধীন মেরিন একাডেমি, চট্টগ্রাম এর “রেডিও ইলেকট্রনিক্স টেকনিশিয়ান” ২য় শ্রেণির [১০ম গ্রেড] পদে সরাসরি নিয়োগের জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ যোগ্য প্রার্থীদের সাক্ষাৎকার নিম্নলিখিত তারিখ ও সময়সূচি অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকায় অনুষ্ঠিত হবে :

সাক্ষাৎকারের তারিখ ও দিন	রেজিস্ট্রেশন নম্বর	সাক্ষাৎকারের সময়
১৭.১২.২০১৮ খ্রিঃ সোমবার	000038, 000094, 200097 = 03 জন	সকাল- ১০.৩০ টায়

২. মৌখিক পরীক্ষার সময় জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদপত্র, চাকরিরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সিল স্বাক্ষরিত মূল ছাড়পত্র এবং ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত প্রবেশপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে। উল্লিখিত সনদ/ডকুমেন্টস দাখিল না করলে কোনো প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করার সুযোগ দেয়া হবে না। মৌখিক পরীক্ষার দিন প্রার্থীকে পরীক্ষা শুরু করার কমপক্ষে ৩০ মিনিট পূর্বে কমিশন সচিবালয়ের ঢাকাস্থ প্রধান কার্যালয়ে উপস্থিত হতে হবে।

৩. কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। মৌখিক পরীক্ষার দিন কমিশন চত্বরে প্রার্থীর জন্য মোবাইল ফোন ও কোনো প্রকার যোগাযোগ যন্ত্রসহ প্রবেশ এবং ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ এবং শান্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য হবে।

৪. যোগ্য প্রার্থীদের ০১[এক] সেট আবেদনপত্র [Bpsc Form-3] ওয়েবসাইট থেকে ডাউনলোড পূর্বক প্রয়োজনীয় সকল শিক্ষাগত যোগ্যতা এবং সংশ্লিষ্ট সকল সনদের সত্যায়িত কপি, অভিজ্ঞতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয়পরিচয়পত্র এবং নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি, চাকরিরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সিল স্বাক্ষরিত ছাড়পত্রের সত্যায়িত কপি [প্রযোজ্য ক্ষেত্রে], Applicant's Copy, প্রবেশপত্রের কপি এবং ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ যথাসময়ে সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষার বোর্ডে উপস্থিত হতে হবে এবং সংশ্লিষ্ট বোর্ডে প্রয়োজনীয় সকল ডকুমেন্টসসহ Bpsc Form-3 জমা দিতে হবে।

[আ.ই.ম. নেছার উদ্দিন]
পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]